দৈনিক ইনকিলাব

030

তারিখ 21 NOV 1986
পৃষ্ঠা 4 কলাম 1

# উপজেলা পরিক্রমা

## ঈশ্বরগঞ্জ

॥ শামীম আজাদ আনোয়ার ॥

ময়মনসিংহ জেলার ১১টি উপজেলার মধ্যে ঈশ্বরগঞ্জ একটি উপজেলা। ঈশ্বরগঞ্জ উপজেলার পশ্চিমে ত্রিশাল উপজেলা, দক্ষিণে নান্দাইল উপজেলা, উত্তরে গৌরিপুর উপজেলা ও পূর্বে নেত্রকোনা জেলা। ময়মনসিংহ জেলা সদর থেকে ২২ কিলোমিটার পূর্বে ব্রহ্মপুত্রের শাখা নদী কাঁচামাটিয়ার অববাহিকায় মনোরম পরিবেশে এ উপজেলা অবস্থিত। পূর্বে ঈশ্বরগঞ্জ উপজেলায় ২০টি ইউনিয়ন ছিল। তা থেকে ৯টি ইউনিয়ন নিয়ে গৌরীপুর উপজেলা গঠিত হয়েছে।

### সাধারণ তথ্য

ঈশ্বরগঞ্জ উপজেলায় বর্তমানে ইউনিয়ন সংখ্যা ১১টি, গ্রাম সংখ্যা ২৯৬টি, মৌজা সংখ্যা ২৯৪টি ও লোকসংখ্যা ২ লাখ ৪৮ হাজার ১৪১ জন। তার মধ্যে পুরুষ ১ লাখ ২৮ হাজার ৭৩১ জন ও মহিলা ১ লাখ ১৯ হাজার ৪১০ জন।

### শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় ২ টি ডিগ্রী কলেজ, ২টি উচ্চ বালিকা বিদ্যালয়, ১৬টি উচ্চ বালক বিদ্যালয়, ৬টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৯০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ১২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ১২টি সিনিয়র মাদ্রাসা, ৪টি জুনিয়র মাদ্রাসা, ৫০টি ফুরকানিয়া মাদ্রাসা রয়েছে।

উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়গুলোর অধিকাংশই জরাজীর্ণ। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার বিশেষ অসুবিধা হচ্ছে। গৃহগুলোর সংস্কার প্রয়োজন।

### কৃষি ব্যবস্থা

ঈশ্বরগঞ্জ উপজেলার ৩৬ হাজার ৩শ' ৪৩টি কৃষি পরিবারের মধ্যে আবাদী জমির পরিমাণ ৫৮ হাজার ৩শ' ৭৯ একর ও অনাবাদী জমির পরিমাণ প্রায় ২ হাজার ২শ' একর। একফসলী জমির পরিমাণ ১ হাজার ১শ' ৭০ একর, দু'ফসলী জমি ৪৩ হাজার ২৫ একর ও তিনফসলী জমি ১ হাজার ৪শ' ২৫ একর। ভূমিহীন পরিবারের সংখ্যা প্রায় ১ হাজার ৬শ'টি। এলাকায় অধিকাংশ লোক কৃষির উপর নির্ভরশীল।

### ব্যবসা-বাণিজ্য

এ উপজেলায় বড় বাজার সংখ্যা ৩০টি। তার মধ্যে ঈশ্বরগঞ্জ, আঠার বাড়ী, রায়বাজার, সোহাগী, মধুপুর ও উচাখিলা বাজার উল্লেখযোগ্য। বাজারগুলোতে ড্রেন, রাস্তাঘাট অপ্রতুল। ফলে ক্রেতা-বিক্রেতাদের দুর্ভোগের সীমা অন্তহীন। বাজারগুলোর সংস্কার প্রয়োজন।

### যোগাযোগ

যোগাযোগের ব্যাপারে উপজেলার জনগণ বাসের উপরই বেশী নির্ভরশীল। ময়মনসিংহ-কিশোরগঞ্জ সড়ক এ উপজেলার উপর দিয়েই গেছে।

এ উপজেলায় ১৫ মাইল রেল পথ, ১৫ মাইল পাকা রাস্তা ও ৩শ' ১৬ মাইল কাঁচা রাস্তা রয়েছে। উচাখিলা হতে আঠারবাড়ী পর্যন্ত রাস্তাটি পাকা করার দাবী এলাকাবাসীর দীর্ঘ দিনের।